ফোন নং: ০২৫৮৮-৮২০০৯০; ই-মেইল: dgmbcd@rakub.org.bd; ওয়েবসাইট: www.rakub.org.bd

এমটিএফপি এন্ড বিসিডি সার্কুলার নং-০২/২০২৩ তারিখ : ০৩.০৮.২০২৩

বিষয়: "সুদমুক্ত সঞ্চয়ী হিসাব" চালুকরণ প্রসঙ্গে।

বাংলাদেশের মানুষ ধর্মপ্রাণ। অধিকাংশ ধর্মপ্রাণ মানুষ সুদবিহীন হিসাবের মাধ্যমে ব্যাংকে লেনদেন করতে আগ্রহী। ব্যাংকে সঞ্চয়ী হিসাব খোলার ক্ষেত্রে মসজিদ, মন্দির, কবরস্থান, মাদ্রাসা, ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠান এমনকি ব্যক্তি পর্যায়েও 'সুদ' বিষয়টি অনেকেই পছন্দ করেন না। ধর্মপ্রাণ গ্রাহকদের নিকট হতে সুদমুক্ত আমানত সংগ্রহের বিপুল সুযোগ/সম্ভাবনা থাকা সত্ত্বেও এ ব্যাংকে শরিয়াহ্ ভিত্তিক ব্যাংকিং ব্যবস্থা চালু না থাকায় আমানত সংগ্রহ বাধাগ্রস্থ হচ্ছে। এতদপ্রেক্ষিতে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক প্রান্তিক পর্যায়ে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করায় ধর্মপ্রাণ আমানতকারীগণের আগ্রহের বিষয়টি বিবেচনায় রেখে বর্তমানে ব্যাংকের আর্থিক ভিত্তি সুসংহতকরণ ও আমানত সংগ্রহের ক্ষেত্র সৃষ্টি করার লক্ষ্যে নতুন প্রোডাক্ট হিসেবে "সুদমুক্ত সঞ্চয়ী হিসাব" নামীয় একটি আমানত হিসাব চালুকরণের সিদ্ধান্ত রাকাব, পরিচালনা পর্ষদের গত ১৮ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত ৫৬৪তম সভায় পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে। এতদবিষয়ে নিম্নরূপ নীতিমালা জারী করা হলো:

০২। "সুদমুক্ত সঞ্চয়ী হিসাব" নিম্নোক্ত রূপরেখায় পরিচালিত হবে:

(০১)	হিসাবের নাম	:	সুদমুক্ত সঞ্চয়ী হিসাব
(০২)	সুদের হার	:	০%
(০৩)	আমানতের পরিমাণ	:	যে কোন পরিমাণ
(০৪)	লেনদেন	:	যে কোন পরিমাণ জমা এবং ন্যূনতম স্থিতি ১০০০.০০ (এক হাজার) টাকা রেখে চেকের মাধ্যমে উত্তোলন করা যাবে

(০৫) হিসাব খোলার পদ্ধতি ও নিয়মাবলী :

ক) ১৮ (আঠারো) বছর কিংবা তদূর্ধ্ব বয়সের এবং সুস্থ মস্তিষ্কসম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে বা যৌথ নামে ব্যাংকের অভিন্ন সঞ্চয়ী হিসাব খোলার ফরমের মাধ্যমে এ হিসাব খুলতে পারবেন।

খ) মসজিদ, মন্দির, কবরস্থান, মাদ্রাসা, ধর্মীয় প্রতিষ্ঠান, ক্লাব, সমিতি এবং অনুরূপ যে কোন সংগঠন বা প্রতিষ্ঠানের নামে এ হিসাব খোলা যাবে।

গ) ব্যাংকের যে কোন শাখায় একই ব্যক্তি/প্রতিষ্ঠানের নামে এ হিসাব একটির অধিক খোলা যাবে না।

ঘ) ব্যক্তির ক্ষেত্রে হিসাব খোলার সময় আমানতকারীকে তাঁর সঠিক পরিচিতি, পাসপোর্ট সাইজের সত্যায়িত দুই কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, শাখায় নিয়মিত পরিচালিত হচ্ছে এমন যে কোন আমানত হিসাবের হিসাবধারী দ্বারা কিংবা গ্রেড নির্বিশেষে শাখা ব্যবস্থাপক দ্বারা কিংবা স্থানীয় জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যাক্তিবর্গ দ্বারা কিংবা বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক হিসাব খোলার ফরমে উল্লিখিত ব্যক্তি দ্বারা সত্যায়িত করতে হবে। এছাড়া আমানতকারী তাঁর নমিনী/নমিনীবৃন্দের ছবি নিজে সত্যায়িত করবেন।

ঙ) প্রতিষ্ঠানের হিসাব খোলার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বৈধ কমিটির রেজুলেশন জমা দিতে হবে।

চ) হিসাব খোলার সময় গ্রাহককে ব্যাংকের নির্ধারিত নমুনা স্বাক্ষর কার্ডে তিনটি নমুনা স্বাক্ষর করতে হবে।

ছ) অভিভাবকের সাথে যৌথভাবে ১৮ (আঠারো) বছরের কম বয়সীরাও এ হিসাব খুলতে পারবে।

জ) আমানতকারীর লিখিত আবেদনের প্রেক্ষিতে ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় হিসাব স্থানান্তর করা যাবে। তবে সেক্ষেত্রে আমানতকারীকে ব্যাংকের প্রচলিত হারে চার্জ/ফি জমা দিতে হবে।

ঝ) হিসাব স্থানান্তরের ক্ষেত্রে স্থানান্তরিত শাখায় প্রত্যেকটি হিসাবের জন্য ভিন্ন হিসাব নম্বর দিতে হবে এবং হিসাব স্থানান্তরের সময় সংশ্লিষ্ট শাখায় লেনদেন বিবরণীসহ হিসাব খোলার যাবতীয় কাগজপত্র প্রেরণ করতে হবে।

ঞ) e-KYC এর মাধ্যমে ঘরে বসে এ হিসাব খোলা যাবে।

ট) মাসের যে কোন কর্মদিবসে গ্রাহক হিসাব খুলতে পারবেন।

ঠ) গ্রাহকের যদি টিআইএন সার্টিফিকেট থাকে তবে হিসাব খোলার সময় টিআইএন সার্টিফিকেট জমা নিতে হবে এবং যথাযথভাবে হিসাব খোলার ফর্মে টিআইএন (TIN) নম্বর লিপিবদ্ধ করে তা সংরক্ষণ করতে হবে।

ড) চেক বই ইস্যুর ক্ষেত্রে ব্যাংক বিধি মোতাবেক নগদ টাকা জমা করতে হবে।

(০৬) আমানত হিসাবে জমা প্রদান ও উত্তোলনের নিয়মাবলী :

ক) সুদমুক্ত সঞ্চয়ী হিসাবে আমানতকারী মাসের যে কোন কর্মদিবসে জমা রশিদের মাধ্যমে টাকা জমা ও চেকের মাধ্যমে টাকা উত্তোলন করতে পারবেন।

খ) এ হিসাবের টাকা মোবাইল App এর মাধ্যমে জমা, উত্তোলন ও স্থানান্তর করা যাবে।

গ) এ হিসাবের টাকা RTGS, BEFTN ও BACH এর মাধ্যমে জমা করা যাবে।

(০৭) সুদের হার : ০%

(০৮) নমিনী মনোনয়ন :

ক) আমানতকারী এক বা একাধিক ব্যক্তিকে নমিনী মনোনীত করতে পারবেন। নমিনীর সংখ্যা একাধিক হলে আমানতকারীকে প্রত্যেক নমিনীর অংশও নির্ধারণ করে দিতে হবে। নমিনী/নমিনীগণের পাসপোর্ট সাইজের ছবি আমানতকারী কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।

খ) নাবালক/নাবালিকাকেও নমিনী নিয়োগ করা যাবে। এ ক্ষেত্রে নমিনী নাবালক থাকা অবস্থায় আমানতকারীর মৃত্যু হলে আমানতের অর্থ কে গ্রহণ করবে সে সম্পর্কে আমানতকারী লিখিত নির্দেশ প্রদান করতে পারবেন। অন্যথায় প্রচলিত আইন দ্বারা নির্ধারিত অভিভাবককে আমানতের অর্থ প্রদেয় হবে।

গ) আমানতকারীর জীবদ্দশায় এবং হিসাবের স্থিতি গ্রহণের পূর্বে নমিনীর/নমিনীগণের মৃত্যু হলে ঐ মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে নতুনভাবে আবেদনের মাধ্যমে নমিনী নিযুক্ত করতে হবে। কেবলমাত্র আমানতকারীর মৃত্যুর পরই নমিনী/নমিনীগণ হিসাবের অর্থ প্রাপ্য হবেন। সেক্ষেত্রে succession সার্টিফিকেট নেয়ার প্রয়োজন পড়বে না এবং তা শাখা পর্যায়েই নিষ্পন্নযোগ্য হবে।

ঘ) নমিনীকে হিসাবের স্থিতি পরিশোধের জন্য নিম্নোক্ত কাগজপত্রাদি উপস্থাপন করতে হবে:

- ❖ নমিনী/নমিনীদের/মনোনীত অভিভাবকের/নাবালক-নাবালিকার আবেদন পত্র।
- ❖ আমানতকারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র।
- ❖ নমিনী/নমিনীবৃন্দের অথবা মনোনীত অভিভাবকের/নাবালক-নাবালিকার ক্ষেত্রে (যদি থাকে) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক (নমিনী/নমিনীগণের নাবালকসহ) সনাক্তকরণ পত্র।
- ❖ নমিনী/নমিনীগণ অথবা মনোনীত অভিভাবক (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) কর্তৃক যৌথভাবে ব্যাংকের অনুকূলে সম্পাদিত ও প্রযোজ্য মূল্যের ইনডেমনিটি বন্ড।

(০৯) বিশেষ নির্দেশাবলী :

ক) এ হিসাব হতে সরকারি নিয়ম অনুযায়ী কর ও আবগারী শুল্ক কর্তনযোগ্য। তবে, কর্তনকৃত আবগারী শুল্ক ব্যাংক শাখার নিজস্ব খাত থেকে পুনঃভরণ করা হবে। যেহেতু এটি সুদমুক্ত হিসাব কাজেই উৎসে কর কর্তন করা হবে না।

খ) এ হিসাবটি ব্যাংকের নিজস্ব উদ্যোগে প্রণীত বিধায় ভবিষ্যতে এতদসংক্রান্ত কোন পরিবর্তন/ পরিবর্ধন/পরিমার্জন/সংযোজন সম্পূর্ণ ব্যাংক এর এখতিয়ারভুক্ত থাকবে।

গ) এ হিসাব হতে Maintenance Charge ও SMS Charge কর্তন হবে না।

(১০) হিসাব খোলা ও পরিচালনার জন্য ব্যবহৃত ফরম ও বইসমূহ :

ক) এ হিসাব খোলার জন্য 'Uniform Account opening form' ব্যবহার এবং এ হিসাবের জন্য সঞ্চয়ী হিসাবের জমা স্লিপ ব্যবহার করতে হবে।

খ) এ হিসাব খোলার জন্য কম্পিউটারে পৃথক হিসাব খোলার রেজিষ্টার সংরক্ষণ করতে হবে।

(১১) **হিসাবায়ন পদ্ধতি:**

CBS System দ্বারা পরিচালিত শাখাসমূহে CBS বাস্তবায়নের জন্য প্রণীত Chart of Accounts অনুযায়ী "সুদমুক্ত সঞ্চয়ী হিসাব" এর জন্য নিম্নোক্তভাবে হিসাবখাত ও প্রোডাক্ট কোড ব্যবহার করতে হবে:

Name of Accounts	GL Code	Product Code
সুদমুক্ত সঞ্চয়ী হিসাব	9010000313	126

চলমান পাতা-০৩

০৩। বিশেষ নির্দেশনা: উপরোল্লিখিত বিধি বিধান ও নির্দেশাবলীর আলোকে "সুদমুক্ত সঞ্চয়ী হিসাব" এর আওতায় হিসাব খোলার কার্যক্রম সার্কুলার জারির তারিখ হতে কার্যকর করা হলো এবং শাখাসমূহকে বর্ণিত নিয়মাবলী যথাযথভাবে পরিপালনের নির্দেশনা দেয়া হলো। নির্দেশনা পরিপালনে কোন প্রকার গাফিলতি বা শিথিলতা পরিলক্ষিত হলে শাখা ব্যবস্থাপক ও দ্বিতীয় কর্মকর্তাকে ব্যক্তিগতভাবে দায়ী করা হবে। জোনাল ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শনকালে এবং জোনাল নিরীক্ষা কর্মকর্তাগণ শাখা নিরীক্ষাকালে এই হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে পরিপত্রে বর্ণিত নিয়ম যথাযথভাবে অনুসৃত হচ্ছে কিনা তা যাচাই করবেন।

০৪। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে অত্র বিভাগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

০৩.০৮.২০২৩
(মুহাঃ হাফিজুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি-৮(৫৯)/২০২৩-২০২৪/২০৫(৪৬০) তারিখ: ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলারটি রাকাব-এর ওয়েবসাইটে প্রদর্শনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৯। প্রকল্প পরিচালক, এসইসিপি।
১০। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। অফিস নথি।

০৩.০৮.২০২৩
(মোহাম্মাদ জিয়াউর রহমান)
উর্ধতন মুখ্য কর্মকর্তা